

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কার্যালয়, পিরোজপুর
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
perojpur@dnc.gov.bd

নথি নম্বর: ৪৪.০৪.৭৯০০.০০০.০১.০৪৯.১৯ -

তারিখ: ০৯/০৬/২০১৯।

বিষয়: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০১৯ উদযাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা প্রসংগে।

সূত্র : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়ের স্মারক নং : ৩০৩ তারিখঃ ০৯/০৫/২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পিরোজপুর এর যৌথ উদ্যোগে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার বিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন ২০১৯ উদযাপন উপলক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে আপনার প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের রচনা প্রতিযোগিতার জন্য নিম্নোক্ত গ্রুপের নামের পার্শ্বে উল্লিখিত বিষয় নির্ধারণ করা হয়েছে।

ক্রমিক নং	গ্রুপ	রচনার বিষয়বস্তু	যোগ্যতা
০১।	ক গ্রুপ	মাদকমুক্ত বাংলাদেশ বিনির্মাণে শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা (১০০০ শব্দের মধ্যে)	মাধ্যমিক ও সমমান পর্যায়ের ছাত্রছাত্রীদের জন্য
০২।	খ গ্রুপ	সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে মাদক প্রতিরোধের গুরুত্ব (১৫০০ শব্দের মধ্যে)	উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের ছাত্রছাত্রীদের জন্য

প্রতিযোগিতার নিয়মাবলী:

- ১। পিরোজপুর জেলার সকল মাধ্যমিক ও সমপর্যায়ের এবং উচ্চমাধ্যমিক ও সমপর্যায়ের স্কুল/কলেজের ছাত্র-ছাত্রীরা গ্রুপ অনুসারে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- ২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে।
- ৩। রচনার সাথে আলাদা কাগজে প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণী ও রোল নম্বর উল্লেখ করতে হবে।
- ৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে দাখিল/সরাসরি প্রেরণ করতে হবে।
- ৫। খামের উপর রচনা প্রতিযোগিতা ২০১৯ এবং গ্রুপ উল্লেখ করতে হবে।
- ৬। রচনা আগামী ২১/০৬/২০১৯ তারিখের মধ্যে “জনাব মো: এনায়েত হোসেন, সহকারী পরিচালক(ভারপ্রাপ্ত), জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, দশ নিড়ের গলি, পিরোজপুর” এ ঠিকানায় পৌছাতে হবে।
- ৭। প্রতিটি গ্রুপের ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের পুরস্কৃত করা হবে। ২৬ জুন ২০১৯ উদযাপন উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভা অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করা হবে। অনুষ্ঠানের সময় সূচী পরবর্তীতে(যথাসময়ে) জানিয়ে দেয়া হবে।

.....
.....
.....


(মো: এনায়েত হোসেন)
সহকারী পরিচালক(ভারপ্রাপ্ত)

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ০১। জেলা প্রশাসক, পিরোজপুর।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), পিরোজপুর।
- ০৩। জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
পিরোজপুর।



স্মারক নং-জেশিঅ/পিরোজ/২০১৯/২৮৯(৩০)

তারিখঃ ১০/০৬/২০১৯খ্রি:


সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১। আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল।

২। জেলা প্রশাসক, পিরোজপুর।

৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার..... (সকল), পিরোজপুর। তাঁকে/তাদেরকে সংযুক্ত পত্রের (নথি নম্বর: ৪৪.০৪.৭৯০০.০০০.০১.০৪৯.১৯ তাং ০৯.০৬.২০১৯ খ্রি:) নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। সংরক্ষণ নথি।


(সুনিল চন্দ্র সেন)

জেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
পিরোজপুর।

